দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 JUL 2017
পৃষ্ঠা ১৪ কলাম ৫

# কুমিল্লা জিলা স্কুলের ১৮০ বছর পূর্তি উৎসব আজ

■ কুমিল্লা প্রতিনিধি

দেশের পূর্বাঞ্চলের প্রাচীনতম বিদ্যাপীঠ কুমিল্লা জিলা স্কুলের ১৮০ বছর পূর্তি উৎসব আজ বৃহস্পতিবার অনুষ্ঠিত হচ্ছে। উৎসবকে ঘিরে বর্ণিল সাজে সেজেছে ঐতিহ্যবাহী এ বিদ্যালয় প্রাঙ্গণ। দিবসটি উপলক্ষে বর্ণাঢ্য আনন্দ র‌্যালি, স্মৃতিচারণমূলক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ১৮৩৭ সালের ২০ জুলাই নগরীর কান্দিরপাড় এলাকার ধর্মসাগরের পূর্বপাড়ে প্রতিষ্ঠিত হয় কুমিল্লা জিলা স্কুল। কালের পরিক্রমায় সাফল্যের ধারাবাহিকতায় এ বিদ্যালয়টি পরিণত হয়েছে জ্ঞানের আলোকবর্তিকায়। দীর্ঘ সময়ে এ অঞ্চলে শিক্ষার প্রসারে অসামান্য অবদান রেখেছে বিদ্যাপীঠটি। ১৮০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে কুমিল্লা জিলা স্কুলের শহীদ আবু জাহিদ অডিটরিয়ামে নবীন ও প্রবীণ শিক্ষার্থীদের মিলনমেলা ও স্মৃতিচারণমূলক আলোচনা সভায় প্রধান অতিথি থাকবেন কুমিল্লা সদর আসনের এমপি হাজী আ.ক.ম বাহাউদ্দিন বাহার। বিশেষ অতিথি থাকবেন কুমিল্লা সিটি মেয়র মনিরুল হক সাক্কু এবং কুমিল্লা জিলা স্কুল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি মুক্তিযোদ্ধা নাজমুল হাসান পাখী।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রাশেদা আক্তার জানান, দীর্ঘ ঐতিহ্যের ধারক ও বাহক কুমিল্লা জিলা স্কুল। প্রতিষ্ঠালগ্ন থেকেই এটি অনন্য শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে সমাদৃত। উৎসবে প্রাক্তন ও নবীন শিক্ষার্থীদের অংশগ্রহণে প্রাণবন্ত হয়ে উঠবে বিদ্যালয়ের আঙিনা।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর